[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জাতীয় পাবলিক সার্ভিস দিবস পালিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় হতে বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গা কোর্ট মোড় ঘুরে আবার জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়।

র্যালি পরবর্তী আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা আইসিটি) কবির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

পাবলিক সার্ভিস দিবস উপলক্ষে বক্তারা বলেন, শত শত বছরের ক্রমবিবর্তনের ধারায় বাংলাদেশে সিভিল সার্ভিস এখন অনেক সুসংগঠিত এবং জনবান্ধব ও জনমুখী। জনগণের সর্বোত্তম সেবা নিশ্চিত করতে পাবলিক সার্ভিসে কর্মরত ব্যক্তিবর্গ কাজ করে যাচ্ছেন। এক্ষেত্রে সুশাসনের জন্যে উদ্ভাবিত পাঁচটি কৌশল- সিটিজেন চার্টার, শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার আইন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সহায়ক ভূমিকা পালন করছে। দপ্তরগুলোতে চালু করা হয়েছে ওয়ান ষ্টপ সার্ভিস সেন্টার, ই-নথি থেকে ডি-নথিতে রুপান্তর, কাইযেন পদ্ধতি, চলছে তাৎক্ষণিক জরুরী সেবা প্রদানের হট লাইন এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে নাগরিক সেবা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ্ আল-মামুন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ এস. এম. ইসরাফিল হোসেনসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ, রোভার স্কাউট ও সাংবাদিকবৃন্দ।

চুয়াডাঙ্গায় ডেঙ্গু প্রতিরোধে

জেলা পুলিশের পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও বর্ণাঢ্য র্যালি

বঙ্গবন্ধুর বাংলাদেশে পুলিশ আছে জনতার পাশে এই প্রতিপাদ্য নিয়ে চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান ও সচেতনতামূলক বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়।

আজ রবিবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা সদর থানা হতে র্যালি শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুলিশ সুপারের কার্যালয়ে এসে শেষ হয়।

র্যালিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

এ সময় তিনি বলেন, বর্তমান আবহাওয়া পরিস্থিতি বিবেচনায় ডেঙ্গু রোগী বিভিন্ন স্থানে সনাক্ত হচ্ছে ।ডেঙ্গু প্রতিরোধে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে ইতিমধ্যে বিভিন্ন প্রকার কার্যক্রমের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তারই ধারাবাহিকতাই চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে সচেতনতামূলক বর্ণাঢ্য র্যালি বাহির করা হয়েছে।

উক্ত র্যালিতে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, ডিআইও-১, সকল অফিসার ইনচার্জগণ, কোর্ট পুলিশ পরিদর্শক, টিআই (প্রশাসন), সদর কেন্দ্রিক সকল ইন্সপেক্টরগণ, আরআই, পুলিশ লাইন্সসহ চুয়াডাঙ্গাসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার ও ফোর্সবৃন্দ।

দামুড়হুদায় জাতীয় পাবলিক সার্ভিস দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

‘সবার আগে সুশাসন, জনসেবায় উদ্ভাবন’-এ প্রতিপাদ্য নিয়ে দামুড়হুদায় জাতীয় পাবলিক সার্ভিস দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল ১১টায় উপজেলা পরিষদের সামনে বেলুন উড়িয়ে দিবসটি উদ্বোধন করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস। এসময় উপজেলা চত্ত্বর হতে বর্ণাঢ্য র্যালি শুরু হয়ে শহরের চৌরাস্তার মোড় প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের সামনে গিয়ে শেষ হয়।

র্যালিতে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, স্কুল কলেজের শিক্ষক ও শিক্ষার্থী অংশ নেয়। পরে উপজেলা পরিষদের সভাকক্ষে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাসের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য দেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন,কৃষি অফিসার শারমিন আক্তার,মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন,মহিলা বিষয়ক কর্মকর্তা হোসেনে জাহান দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী প্রমূখ।

সভায় বক্তারা বলেন, বর্তমান সরকার সরকারি সেবাসমূহ মানুষের দৌড়গোড়ায় নিয়ে যাওয়ার লক্ষে কাজ করে চলছে। সেজন্য সরকারি দপ্তরের প্রত্যেক প্রধানগণ মানুষকে সেবা প্রদানের ক্ষেত্রে আরো বেশি আন্তরিক হতে হবে। কোন সেবাগ্রহীতা যেন কোনভাবেই হয়রানির মুখে না পড়ে সে দিকে দপ্তর প্রধানের ভূমিকা রাখতে হবে। আমরা চাই একজন নাগরিক সরকারি সেবা প্রাপ্তির ক্ষেত্রে সর্বোচ্চ সুবিধা নিশ্চিত করতে।

দর্শনায় আবাসিক হোটেলে অসামাজিক কার্যকালাপ ২ জন গ্রেফতার

দর্শনা হল্ট স্টেশন সংলগ্ন আমিরাত আবাসিক হোটেলে নামে একটি হোটেলে অভিযান পরিচালনা করেছে দর্শনা থানা পুলিশ।

এ অভিযানে আবাসিক হোটেলের একটি কক্ষে অসামাজিক কাজের অভিযোগে জীবননগরের এক জোড়া পরোকিয়া প্রেমিক জুটিকে আটক করেছে পুলিশ।

আজ শনিবার (২২জুলাই) সকাল ১০ টার দিকে এ অভিযান পরিচালনা করে পরকিয়া প্রেমিক জুটি সহ হোটেলের তত্বাবধায়ক কামরুজ্জামান কয়েলকে নেয় দর্শনা থানা পুলিশ হেবাজতে। পরে হোটেল তত্বাবধায়ককে ছেড়ে দেওয়া হলেও পরোকিয়াকে আইনগত ব্যবস্থার মাধ্যমে কোট হাজতে প্রেরণ করা হয়েছে।

পুলিশ জানায়, আজ শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের হল্ট স্টেশন সংলগ্ন আমিরাত আবাসিক হোটেলে অভিযান পরিচালনা করেন দর্শনা থানা পুলিশ। এ অভিযানে আমিরাত আবাসিক হোটেলের ২০১ নম্বর কক্ষের মধ্যে অসামাজিক কার্যকলাপের জড়িত থাকার অভিযোগে আল আমিন (২৫) ও যমুনা খাতুন (২৫) নামের এক পরকিয়া জুটিকে গ্রেফতার করে। এ

সময় পুলিশ পরোকিয়া প্রেমিক জুটি সহ হোটেলের তত্বাবধায়ক কামরুজ্জামান কয়েলকে নেওয়া হয় দর্শনা থানা হেফাজতে। গ্রেফতারকৃত পরকিয়া প্রেমিক জুটি চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের বারান্দিপাড়ার আমিনুর রহমানের ছেলে আল আমিন (২৫) ও একই ইউনিয়নের দোহাপাড়ার রফিকুল ইসলামের স্ত্রী যমুনা খাতুন (২৫)।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে অসামাজিক কার্যকলাপে লিপ্ত থাকার অভিযোগে মামলা দায়ের সহ চুয়াডাঙ্গা আদালতের কোট হাজতে প্রেরণ করেছেন দর্শনা থানা পুলিশ।

আলমডাঙ্গায় বেলগাছি কর্মী সভায় দিলীপ কুমার আগরওয়ালা

আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নে কর্মী সমাবেশ করেছেন চুয়াডাঙ্গা-১ আসন থেকে নৌকার মনোনয়ন প্রত্যাশী দিলীপ কুমার আগরওয়ালার অনুসারীরা। গতকাল শুক্রবার বিকালে বেলগাছি মাধ্যমিক বিদ্যালয় মাঠে কর্মী সমাবেশের আয়োজন করা হয়।

বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্যবিষয়ক উপ-কমিটির সদস্য, এফবিসিসিআই-এর পরিচালক, বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)-এর সাধারণ সম্পাদক, তারাদেবী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এবং ডায়মন্ড ওয়ার্ল্ডের ব্যবস্থাপনা পরিচালক দিলীপ কুমার আগরওয়ালা।

দিলীপ কুমার আগরওয়ালা তাঁর বক্তব্যে বলেন, আমার কোন চাওয়া-পাওয়া নেই। আমি আপনাদের এলাকার উন্নয়নে অংশ নিতে নির্বাচন করতে চাই। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের অগ্রযাত্রায় শামিল হতে চাই। নৌকা এদেশের উন্নয়নের প্রতীক। আপনারা আপনাদের এলাকার উন্নয়নের জন্য নৌকায় ভোট দিবেন।

তিনি চুয়াডাঙ্গা-১ আসনের এমপি সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুনকে স্মরণ করে বলেন, আমি শুনেছি তিনি অসুস্থ। আমি তাঁর রোগমুক্তি কামনা করছি। আমরা আওয়ামীলীগ করি। আমাদের মধ্যে একে-অপরের প্রতি কোন হিংসা-বিদ্বেষ নাই। আমি আপনাদের কাছে নৌকার জন্য ভোট প্রার্থনা করছি। তিনি প্রতিশ্রুতি দেন, প্রধানমন্ত্রী যদি আমাকে সুযোগ দেন তাহলে পাঁচ বছরে আমি স্মার্ট চুয়াডাঙ্গা করে দেখাবো।

কর্মী সমাবেশে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, জামজামি ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান নজরুল ইসলাম, সাবেক জেলা পরিষদের সদস্য ও জেলা যুবলীগের সদস্য তপন কুমার বিশ্বাস, চুয়াডাঙ্গা সদর উপজেলা কৃষকলীগ নেতা আব্দুল মতিন দুদু, টিপু, স্বপন।

বেলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাহবুবুর

রহমান ও যুবলীগ নেতা শাহীনের উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন বেলগাছি ইউনিয়ন লীগের সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা বাকের আলী, ১৪ দলীয় নেতা আনিসুজ্জামান জম, টিপু সুলতান, বেলগাছি ইউপি সদস্য নাজমুল হক বাবলু, হারুন, মিলন হোসেন, রবিউল হক, সার্জন রুহুল আমিন, রেজাউল ইসলাম, গোলাম মহিউদ্দিন আজাদ সাইকা, আব্দুল মজিদ, শ্রী কমল কুমার বিশ্বাস, ইকবাল হোসেন প্রমূখ।

কর্মী সমাবেশ শেষে মানুষের মাঝে ছাতা বিতরণ করেন দিলীপ কুমার আগরওয়ালা।

আলমডাঙ্গায় দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে চালক আহত

আলমডাঙ্গা উপজেলায় দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে এক চালক গুরুত্বর আহত হয়েছেন। প্রায় আধা ঘণ্টার চেষ্টায় বকুল মোল্লা নামের এক ট্রাক চালককে আহতাবস্থা উদ্ধার করতে সক্ষম হন ফায়ার সার্ভিসের কর্মীরা। গতকাল শুক্রবার রাত সাড়ে ৮ টার দিকে চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা সড়কের উপজেলার রোয়াকুলি নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

আহত ওই চালকের বাড়ি দামুড়হুদা থানার দর্শনার মোবারক পাড়ার বাবু মোল্লার ছেলে। এ ঘটনায় আহত ট্রাক চালককে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, সিলেটের পঞ্চগড় থেকে ছেড়ে আসা বালু বোঝাই ট্রাকটি চুয়াডাঙ্গা সদর উপজেলার দিকে যাচ্ছিল। অপরদিকে বিপরীত দিক আসা খৈল বোঝাই ট্রাক আলমডাঙ্গা-চুয়াডাঙ্গা সড়কের উপজেলার রোয়াকুলি নামক স্থানে পৌঁছালে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই দুই ট্রাকের চাপায় দুই ট্রাকচালক আহত হয়। তবে অপর বালু বোঝাই ট্রাক চালক পালিয়ে যায়। খবর পেয়ে পুলিশ ও ফায়ার সার্ভিস কর্মীরা আধা ঘণ্টার পর রাত ৯ টার দিকে ট্রাকের ভিতর থেকে ট্রাক চালক বকুল মোল্লাকে বের করে।

[redacted] [redacted] [redacted] ([redacted]) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [

উদ্বোধন

দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধের অংশ হিসেবে গতকাল বৃহস্পতিবার জীবননগর পৌর সভা প্রাঙ্গণে এডিস মশা নিধন কার্যক্রমের উদ্বোধন করেন জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম ।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জীবননগর পৌর সভার কাউন্সিলার মোঃ জয়নাল আবেদীন, খোকন মিয়া, আপিল উদ্দিন, আবুল কাশেমসহ জীবননগর পৌর সভার, কর্মকর্তা, কর্মচারীগন উপস্থিত ছিলেন।

এডিস মশা নিধন কার্যক্রমের উদ্বোধন শেষে জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম বলেন, ডেঙ্গু, এডিস মশাবাহিত একটি রোগ। এডিস মশার জন্ম হয় জমে থাকা পানিতে। মাঠ বা ভবনে জমে থাকা পানি প্রতিদিন অন্তর সরিয়ে ফেলতে হবে। বাড়ির বা অফিসের সৌন্দর্য বর্ধনের জন্য রাখা ফুলের টব নিয়মিত পরিষ্কার রাখতে হবে। বাড়ি, অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, মার্কেট প্লেসসহ মানুষ থাকে এমন জায়গার আশ পাশ নিয়মিত পরিষ্কার রাখতে হবে। আমাদের সবার সচেতনতাই ডেঙ্গু, থেকে সবাইকে পরিত্রাণ দিতে পারে।

কার্পাসডাঙ্গায় আলমসাধু সহ ৩ চোর আটক

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের অভিযানে আলমাসাধু সহ ৩ চোর আটক। গতকাল বৃহস্পতিবার কার্পাসডাঙ্গা কবরস্থান মোড়ে শেরজান আলীর স’মিল সন্নিকটে আমবাগানের মধ্যে একদল চোর আলমসাধু নিয়ে লুকিয়ে আছে।

গোপন সংবাদের ভিত্তিতে কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এস আই ইমরান হোসেন ও এ এস আই মোসলেম উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে এই চোরদের পুলিশ ধাওয়া করলে ৩ জন চোরকে গ্রেফতার করতে সক্ষম হয় পুলিশ ।

গ্রেফতারকৃত আসামিরা হলেন গাংনী থানার (১) মো: হাবিবুর রহমান
(১৯) পিতা মো: লোকমান গ্রাম মিনাপাড়া থানা গাংনী জেলা মেহেরপুর, (০২) মো: জনি ইসলাম (১৮) পিতা মো মিনারুল ইসলাম গ্রাম মিনাপাড়া থানা গাংনী জেলা মেহেরপুর, (০৩) মো: জাহিদুল ইসলাম পিতা সিরাজুল ইসলাম গ্রাম কার্পাসডাঙ্গা থানা দামুড়হুদা জেলা চুয়াডাঙ্গা।

বর্তমানে আসামীরা কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের হেফাজতে আছে। এই রিপোর্ট লেখা পর্যন্ত কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এ এস আই মোসলেম উদ্দিনের সাথে মুঠোফোনে যোগাযোগ করে জানা যায় তিনি বলেন এই আলমসাধুর মালিক গাংনী থানার অন্তর্ভুক্ত, তার সাথে যোগাযোগ করা হয়েছে আলমসাধুর মালিক গাংনী থানায় মামলা করে এই আলমসাধু সহ আসামিদের পুলিশ হেফাজতে গাংনী থানায় হস্তান্তর করা হবে।

এই সফল অভিযানে অত্র এলাকাবাসী কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্প’কে সাধুবাদ জানিয়েছেন।